# জুলাই-২০১৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোঃ হাসনাৎ জামান চৌধুরী জর্জ
চেয়ারম্যান , উপজেলা পরিষদ
দেবীগঞ্জ, পঞ্চগড়।

স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম।

তারিখ ঃ ২৭/০৭/২০১৫ খ্রিঃ।

সময় ঃ বেলা ১২-০০ ঘটিকা।

**সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা ( পরিশিষ্ট-ক)**

সভার শুরু সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দেবীগঞ্জকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, দেবীগঞ্জ গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ় করন করা হয়।

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ড়</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>০১।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দেবীগঞ্জ সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ মোট ডাক্তারের পদসংখ্যা ২১জন, নিয়োগ হয়েছে ১০জন, ইউনিয়নে নিয়োগ হয়েছে ০৬জন, বর্তমানে ইউনিয়নে রয়েছে ০৫ জন।<br>তিনি আরো জানান যে, কোন ইউনিয়ন ওয়ার্ডে যদি কমিউনিটি ক্লিনিক না থাকে তাহলে ইউনিয়ন পরিষদে রেজুলেশন করে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দেবীগঞ্জ এর নিকট চাহিদা পত্র প্রেরণ করার জন্য অনুরোধ জানান। অফিসের অন্যান্য কার্যক্রমসহ চিকিৎসা সেবা সুষ্ঠুভাবে চলছে।</td><td>স্বাস্থ্য কমপ্লেক্স এবং ইউনিয়ন কমিউনিটি ক্লিনিক সমূহ পরিষ্কার পরিচ্ছন্নতাসহ সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা দেবীগঞ্জ, পঞ্চগড়</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা, দেবীগঞ্জ সভায় জানান যে, চলতি খরিপ-২/১৫-১৬ এর রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রাঃ<br>উফশী-২০.০১৬ হেক্টর<br>হাইব্রীড-১,১৭৯ হেক্টর<br>স্থানীয় -২২০ হেক্টর<br>এ যাবৎ অর্জিত জমির পরিমান ১৪,৯৯০ হেক্টর। যাহা লক্ষমাত্রার ৭০ ভাগ। বর্তমানে বৃষ্টিপাত কম হওয়ার কারনে রোপা আমন চারা রোপনের কাজ বিলম্বিত হচ্ছে। কৃষকগণকে সেচযন্ত্র চালু করে রোপন কাজ সম্পন্ন করার জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। মাঠে ফসলের অবস্থা ভাল। রোপা আমনের কাংখিত ফলন পাওয়ার লক্ষ্যে কৃষকগনকে কারিগরী পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। শ্রাবন মাসের চাষাবাদ সম্পর্কে করনীয় দিক সমূহ সম্বন্ধে কৃষকগনকে পরপামর্শ প্রদান করা হচ্ছে।<br>বর্তমানে মাঠে সে সকল শাকসজী ও ফল রয়েছে সেগুলোতে যাতে ক্ষতিকারক কীটনাশক প্রয়োগ না করে অর্থাৎ বিষমুক্তশাবসজী ও ফল উৎপাদন করা যায় সে ব্যাপারে কৃষকগনকে কারিগরী পমার্মশ প্রদান করা হচ্ছে।<br>খামার যান্ত্রিকী করনের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় ৩০% উন্নয়ন সহায়তা (ভর্তুকী) মূল্যে রিপার, রাইস ট্রান্সপ্লান্টার, সিডার, ফুট পাম্প, পাওয়ার থ্রেসার ও পাওয়ার টিলার ক্রয় করিতে ইচ্ছুক আগ্রহী কৃষকদের উপজেলা কৃষি অফিস হতে ফরম সংগ্রহ করে আবেদন করার জন্য দৃষ্ঠি আকর্ষন করা হলো।<br>উপজেলা ফলদ বৃক্ষ মেলা/১৫ প্রতি বছরের ন্যায় এ বছর উপজেলা কৃষি অফিস চত্তরে মাননীয় সংসদ সদস্য পঞ্চগড়-২,পঞ্চগড় জনাব মোঃ নুরুল ইসলাম সুজন মহোদয়ের সম্মতিক্রমে আগামী ১৭ আগষ্ট, ২০১৫ তারিখে উদ্বোধন করা হবে। এ ব্যাপারে সকলের সহযোগিতার জন্য দৃষ্টি আকর্ষন করেন।<br>২৭/০৭/২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত রাসায়নিক সার মজুদ পরিস্থিতিঃ-ইউরিয়া ৪৩২মেঃ টঃ, টি, এস, পি-৬৩মেঃটঃ, এম,ও,পি-৮৮ মেঃটঃ, ডি,এ,পি-১৯মেঃটঃ।</td><td>(১) স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(২) বরাদ্দকৃত সার যেন ডিলারগণ উত্তোলন করে এবং নির্ধারিত মূল্যে বিক্রয় করে সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) রবি মৌসুমে যেন কোন ফসল নষ্ট না হয় এবং কৃষকগণ যেন সরকারী সেবা সহজে পেতে পারে সে ব্যাপারে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৪) নকল কীটনাশক ঔষধ বাজারে কেউ যেন বিক্রি করতে না পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে।</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা, দেবীগঞ্জ, ঞ্চগড়।</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নতুন যোগদান করায় সভায় সম্মানিত সদস্যগণ তাঁকে স্বাগত জানান। সভায় তিনি জানান যে, জুলাই/১৫ মাসের কার্যবিবরণী নিম্নরুপঃ<br><table><tr><td>০১</td><td>গবাদি প্রাণির চিকিৎসা প্রদান</td><td>১,২০৪ টি</td><td>০২।</td><td>হাঁস মুরগীর চিকিৎসা প্রদান</td><td>৪,৬৪৩ টি</td></tr><tr><td>০৩</td><td>গোবাদি প্রাণির টিকা প্রদান</td><td>২০০ টি</td><td>০৪।</td><td>হাঁস মুরগীর টিকা প্রদান</td><td>২,৯০০টি</td></tr><tr><td>০৫</td><td>কৃত্তিম প্রজনন হিমায়িত সিমেন দ্বারা</td><td>১৭৯ টি</td><td>০৬।</td><td>কৃত্তিম প্রজনন তরল সিমেন দ্বারা</td><td>৭৪ টি</td></tr><tr><td>০৭</td><td>কর ব্যতীত রাজস্ব প্রাপ্তি</td><td>৬,৮৭১/- টাকা</td><td></td><td></td><td></td></tr></table><br>ভি,এফ,এ-এর ০২টি পদ এবং ডেসারের ০১টি পদ দীর্ঘদিন যাবত শূন্য থাকায় বিভাগীয় কার্যক্রমের ব্যাঘাত ঘটছে।<br>অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।</td><td>স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>শুন্য পদগুলি পুরনের নিমিত্ত উর্দ্ধতন কর্মকর্তা বরাবরে পত্র যোগাগোগ করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,দেবীগঞ্জ ।</td></tr>
</table>

চলমান পাতা-০২

| | | | |
|---|---|---|---|
| ০৪। | উপজেলা প্রকৌশলী, দেবীগঞ্জ সভায় জানান যে, ২০১৫-২০১৬ অর্থ বছরে নতুন কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। অফিসেয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রকৌশলী, দেবীগঞ্জ, পঞ্চগড়। |
| ০৫। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দেবীগঞ্জ সভায় জানান যে, ২০১৫-২০১৬ অর্থ বছরে নতুন কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড়। |
| ০৬। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দেবীগঞ্জ সভায় জানান যে জুন /১৫ মাসে স্থায়ী পদ্ধতি পুরুষ ১৫১ জন, মহিলা ০৫ জন, আই,ইউ,ডি ১৯ জন, ইমপ্লান্ট ৫৭ জনকে করানো হয়েছে। মা ও শিশু কার্যক্রমে ডেলিভারী ৫৮ জন, গর্ভোত্তর যত্ন ৩৫১ জন, গর্ভবতী মায়ের যত্ন ১,০৭৬ জন, শিশু সেবা ১,২৫৭ জন। মোট সক্ষম দম্পতি ৫০,৮৮৮ জন, সর্ব মোট গ্রহণকারী ৪১,৯১২ জন। | পরিবার পরিকল্পনা কার্যক্রমে গতিশীলতা আনয়ন করতে হবে। সাফল্যের হার বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দেবীগঞ্জ, পঞ্চগড়। |
| ০৭। | উপজেলা শিক্ষা অফিসার, দেবীগঞ্জ সভায় জানান যে,অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় তদারকি করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার দেবীগঞ্জ, পঞ্চগড়। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দেবীগঞ্জ সভায় জানান যে,অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় তদারকি করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দেবীগঞ্জ, পঞ্চগড়। |
| ০৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, দেবীগঞ্জ সভায় জানান যে, আগামী ২৮/০৭/২০১৫খ্রিঃ তারিখ হতে মৎস্য সপ্তাহ শুরু হতে যাচ্ছে। মৎস্য সপ্তাহে সকলের সহযোগীতা কামনা করেন। অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা মৎস্য কর্মকর্তা দেবীগঞ্জ, পঞ্চগড়। |

**বিবিধ ঃ ০১** উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের ০৩ জন সম্মানিত মহিলা সদস্য জুলাই/১৫ মাসের মাসিক সাধারণ সভায় প্রথম যোগদান করায় সভার সকল সম্মানিত সদস্যগণ সভাপতি মহোদয়ের মাধ্যমে স্বাগত জানান এবং সভাপতি তাঁদের উপজেলা পরিষদে অফিস কক্ষ প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দেবীগঞ্জকে অনুরোধ জানান।

**বিবিধঃ ০২।** উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবীগঞ্জ সভায় জানান যে, তাঁর অফিস কক্ষে বসার জন্য কোন চেয়ার নেই। জনপ্রতিনিধি হিসেবে অনেক লোকজন কাজে কর্মে অফিসে আসেন কিন্তু তাদের বসার জন্য কোন ব্যবস্থা না থাকায় জরুরী ভিত্তিতে কিছু চেয়ার সরবরাহের জন্য সভাপতি মহোদয়কে দৃষ্টি আকর্ষন করেন।

**সিদ্ধান্ত ঃ** চেয়ার টেবিল ক্রয়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। অতি শিঘ্র কিছু চেয়ার সরবরাহ করার জন্য উপজেলা প্রকৌশলী, দেবীগঞ্জকে অনুরোধ করা হয়।

**বিবিধ ঃ ০৩।** উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ দেবীগঞ্জ,পঞ্চগড় সভায় জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স, উপজেলা পরিষদ হলরুম, উপজেলা পরিষদ চেয়ারম্যান এর অফিস ভবনসহ উপজেলা পরিষদের আঙ্গীনা পরিস্কার পরিচ্ছন্ন রাখা বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা খরচ হয়েছে। উক্ত টাকা রাজস্ব তহবিল থেকে ব্যয় করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং রাজস্ব তহবিল থেকে ব্যয় করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ ঃ ০৪।** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাঁর জুন/১৫ মাসের ভ্রমণ ভাতা বিল ১৩,১২৫ (তের হাজার একশত পঁচিশ) টাকা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবীগঞ্জ এর জুন/১৫ মাসের ভ্রমণ ভাতা বিল ১০,০০০/-(দশ হাজার) টাকার ভ্রমণ ভাতা বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবীগঞ্জ এবং ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ দেবীগঞ্জ এর মে/১৫ মাসের ভ্রমণ ভাতা বিলগুলো সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হল।

**বিবিধঃ ০৫।** চেয়ারম্যান, চিলাহাটি ইউ,পি, দেবীগঞ্জ সভায় জানান যে, চিলাহাটি ইউনিয়নটি দেবীগঞ্জ স্বাস্থ্য কেন্দ্র হতে প্রায় ১৭ কিঃ মিঃ দূরে অবস্থিত। চিলাহাটি ইউনিয়নের স্বাস্থ্য কেন্দ্রে কোন ডাক্তার নেই। গরীব জনগন চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে। জরুরী ডাক্তার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভাপতি মহোদয়ের মাধ্যমে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দেবীগঞ্জ কে অনুরোধ জানান।

**সিদ্ধান্ত ঃ** ইউনিয়ন পরিষদে ডাক্তার নিয়োগ সংক্রান্ত সভা করে সভার কার্যবিবরণী উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দেবীগঞ্জ কে প্রদানের জন্য অনুরোধ করা হয় এবং ডাক্তার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দেবীগঞ্জ কে অনুরোধ করা হয়।

**বিবিধঃ ০৬।** চেয়ারম্যান,দন্ডপাল ইউ,পি, দেবীগঞ্জ সভায় জানান যে, দন্ডপাল ইউনিয়নের ০২টি ওয়ার্ডে কোন কমিউনিটি ক্লিনিক নেই এবং বিদ্যালয় নেই। সভাপতি মহোদয়ের মাধ্যমে সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষন করেন এবং ক্লিনিক ও বিদ্যালয় স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

**সিদ্ধান্ত ঃ** ইউনিয়ন পরিষদে ডাক্তার নিয়োগ সংক্রান্ত সভা করে সভার কার্যবিবরণী উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দেবীগঞ্জ কে প্রদানের জন্য অনুরোধ করা হয় এবং ডাক্তার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দেবীগঞ্জ কে অনুরোধ করা হয় এবং বিদ্যালয় স্থাপন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, দেবীগঞ্জকে অনুরোধ করা হয়।

**বিবিধঃ ০৭।** চেয়ারম্যান, সোনাহার ইউ,পি, দেবীগঞ্জ সভায় জানান যে, সোনাহার ইউনিয়নে ০৩টি ওয়ার্ডে কোন কমিউনিটি ক্লিনিক নেই। সভাপতি মহোদয়ের মাধ্যমে সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষন করেন এবং ক্লিনিক স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

**সিদ্ধান্ত ঃ** ইউনিয়ন পরিষদে ডাক্তার নিয়োগ সংক্রান্ত সভা করে সভার কার্যবিবরণী উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দেবীগঞ্জ কে প্রদানের জন্য অনুরোধ করা হয় এবং ডাক্তার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দেবীগঞ্জ কে অনুরোধ করা হয়।

**বিবিধঃ ০৮।** চেয়ারম্যান, শালডাঙ্গা ইউ,পি, দেবীগঞ্জ সভায় জানান যে, শালডাঙ্গা ইউনিয়নে কয়েকটি ওয়ার্ডে কোন কমিউনিটি ক্লিনিক নেই। সভাপতি মহোদয়ের মাধ্যমে সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষন করে ক্লিনিক স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান এবং শালডাঙ্গা ইউনিয়নের একটি রাস্তা ভেঙ্গে যাওয়ার কারনে ৬/৭টি পরিবার খুবই কষ্টভোগ করছেন। জরুরী ভিত্তিতে রাস্তাটির মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয়ের মাধ্যমে উপজেলা প্রকৌশলী, দেবীগঞ্জকে দৃষ্টি আকর্ষন করেন।

**সিদ্ধান্ত ঃ** ইউনিয়ন পরিষদে ডাক্তার নিয়োগ সংক্রান্ত সভা করে সভার কার্যবিবরণী উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দেবীগঞ্জ কে প্রদানের জন্য অনুরোধ করা হয় এবং ডাক্তার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দেবীগঞ্জ কে অনুরোধ করা হয়। রাস্তা মেরামতের বিষয়ে সরে জমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দেবীগঞ্জকে অনুরোধ করা হয়।

চলমান পাতা-০৩

**বিবিধঃ ০৯।** চেয়ারম্যান, চেংঠী হাজরা ডাঙ্গা ইউ,পি, দেবীগঞ্জ সভায় জানান যে, চেংঠী ইউনিয়নটি দেবীগঞ্জ স্বাস্থ্য কেন্দ্র হতে প্রায় ১৮/২০ কিঃ মিঃ দূরে অবস্থিত। চেংঠী ইউনিয়নের স্বাস্থ্য কেন্দ্রে কোন ডাক্তার নেই। গরীব জনগন চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে। জরুরী ডাক্তার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভাপতি মহোদয়ের মাধ্যমে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দেবীগঞ্জ কে অনুরোধ জানান।

তিনি আরো জানান যে, চেংঠী হাট একটি ছোট হাট ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। জলাবদ্ধতার কারনে জনগনের খুবই কষ্ট হচ্ছে। উক্ত হাট ইজারার মূল্য খুবই কম। সামান্যতম ১৫% এবং ১০% টাকা দিয়ে ড্রেন নির্মান করা সম্ভব হচ্ছে না । ফলে হাটটি নষ্ট হওয়ার সম্ভাবনা রয়েছে। জরুরী ড্রেন নির্মান করা প্রয়োজন।

**সিদ্ধান্ত ঃ** ইউনিয়ন পরিষদে ডাক্তার নিয়োগ সংক্রান্ত সভা করে সভার কার্যবিবরণী উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দেবীগঞ্জ কে প্রদানের জন্য অনুরোধ করা হয় এবং ডাক্তার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দেবীগঞ্জ কে অনুরোধ করা হয়। হাটের ড্রেন নির্মান বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং এডিপি বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**বিবিধঃ ১০।** চেয়ারম্যান, দেবীগঞ্জ ইউ,পি দেবীগঞ্জ সভায় জানান যে, মাসিক সাধারণ সভা শুরু হওয়ার সঙ্গে আলোচনার পূর্বে সদস্যদের স্বাক্ষর গ্রহন করা হয়। পরবর্তীতে উক্ত সভার কার্যবিবরণীতে দেখা যায় এডিপি অর্থ দ্বারা বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়েছে যা মিটিং চলাকালীন অবস্থায় জানানো হয় না। কার্যবিবরণী পাওয়ার পর আমরা জানতে পারি এডিপির টাকা দিয়ে বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। যা সঠিক নহে এবং যে প্রকল্প প্রস্তুত পূর্বক বন্টন করা হয়েছে তা আমরা মানি না।

**সিদ্ধান্ত ঃ** জুন মাস শেষ হওয়ার মাত্র কয়েকদিন পূর্বে কিছু বরাদ্দ পাওয়া যায় । উক্ত টাকা টেন্ডারের মাধ্যমে ১০০% কাজ সম্পন্ন করা সম্ভব নয় হেতু উপজেলা পরিষদের সম্মানিত সদস্যগণের কণ্ঠ ভোটে এবং মাননীয় সংসদ সদস্য-২, পঞ্চগড়-২ এর সম্মতিক্রমে জরুরী ভিত্তিতে বর্নিত এডিপি'র টাকা দিয়ে প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা হয়েছে। কোন অবৈধ প্রকল্প গ্রহণ করা হয়নি।

**বিবিধঃ ১১।** উপজেলা নির্বাহী অফিসার, দেবীগঞ্জ সভায় জানান যে, ইউনিয়ন পরিষদ সমূহে অনেক দিন থেকে ওয়েব পোর্টালে কোন তথ্য নেই। হাল নাগাদ করার জন্য সকল ইউ,পি চেয়ারম্যানদের অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ ওয়েব পোর্টালে হাল নাগাদ তথ্য প্রদানের জন্য সকল ইউ,পি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয় এবং প্রতিদিন তথ্য প্রদানের জন্য ইউনিয়ন উদ্যোক্তাদের নির্দেশনা প্রদানের নিমিত্ত অনুরোধ জানান।

**বিবিধ ঃ ১২।** উপজেলা প্রকৌশলী দেবীগঞ্জ, সভায় জানান যে, উপজেলা পরিষদের পূর্ব পার্শ্বের হাউওয়ে রাস্তায় উঠার গেটে জনসাধারণসহ অফিসের লোকজন চলাফেরা করে রাত্রীবেলা কোন বাতি না থাকায় যে কোন সময় দুর্ঘটনা সংঘটিত হতে পারে। জরুরী ভিত্তিতে গেটে বাতির ব্যবস্থা করা প্রয়োজন। বৈদ্যুতিক বাতি স্থাপন, বৈদ্যুতিক তার ক্রয় ও মিস্ত্রি খরচ বাবদ ২,৮৫৫/- (দুই হাজার আটশত পঞ্চান্ন) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয় রাজস্ব তহবিল থেকে ব্যয় করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং রাজস্ব তহবিল থেকে ব্যয় করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ ঃ ১৩।** উপজেলা ভাইস চেয়ারম্যান, দেবীগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদের আওতাধীন একটি লেবু বাগান রয়েছে। লেবু বাগানটি সংরক্ষনের নিমিত্ত পরিচর্জা করা একান্ত প্রয়োজন। বাগানটি পরিচর্জা করার জন্য লেবার খরচ বাবদ, সার ক্রয় বাবদ এবং পানি সেচ বাবদ মোট ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয় রাজস্ব তহবিল থেকে ব্যয় করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং রাজস্ব তহবিল থেকে ব্যয় করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ ঃ ১৪।** উপজেলা ভাইস চেয়ারম্যান, দেবীগঞ্জ সভায় জানান যে, উপজেলা পশু সম্পদ অফিসের সামনে ঝড়ে একটি গাছ ভেঙ্গে পড়ে গেলে গাছ কর্তন ও উপজেলা পরিষদের সামনে নিয়ে আসা পরিবহন বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা, উপজেলা পরিষদের আওতাধীন ঝড়ে দুইটি কৃষ্ণ চূড়া গাছ ভেঙ্গে পড়ে গেলে গাছ কর্তন ও উপজেলা পরিষদের সামনে নিয়ে আসা পরিবহন বাবদ ৩,০০০/- (তিন হাজার)টাকা, উপজেলা পরিষদের মসজিদের দক্ষিণ পার্শ্বে বাউন্ডারী ওয়াল ভাঙ্গা ও মেরামত বাবদ ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা, উপজেলা পরিষদের নবনির্মিত ভবনের সামনে গাছ সমূহের গোড়ায় মাটি ভরাট বাবদ ৪,০০০/- (চার হাজার) টাকা সর্ব মোট ১৩,৫০০/- (তের হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয় রাজস্ব তহবিল থেকে ব্যয় করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং রাজস্ব তহবিল থেকে ব্যয় করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হাসনাৎ জামান চৌধুরী জর্জ)
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দেবীগঞ্জ, পঞ্চগড়।

উপজেলা পরিষদ কার্যালয়
দেবীগঞ্জ, পঞ্চগড়।

স্মারক নং-০৫.৪৭.৭৭৩৪.০০.০০৬.০২১.২০১৪-৩৯৭(৪০) তারিখ ঃ ৩০/০৭/২০১৫
খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

০১। মাননীয় সংসদ সদস্য,২-পঞ্চগড়-২।
০২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, পঞ্চগড়।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবীগঞ্জ, পঞ্চগড়।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবীগঞ্জ, পঞ্চগড়।
০৭। সংরক্ষিত মহিলা সদস্য-০১/০২/০৩, উপজেলা পরিষদ, দেবীগঞ্জ, পঞ্চগড়।
০৮। উপজেলা.....................................................কর্মকর্তা,দেবীগঞ্জ, পঞ্চগড়।
০৯। চেয়ারম্যান, ...............................................ইউ,পি, দেবীগঞ্জ, পঞ্চগড়।
১০। জনাব.........................................................দেবীগঞ্জ, পঞ্চগড়।
১১। অফিস কপি।

৩০/৭/১৫

মুহাম্মদ শফিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
দেবীগঞ্জ, পঞ্চগড়।

পরিশিষ্ট- "ক"

**উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ**

০১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবীগঞ্জ
০২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবীগঞ্জ
০৩। সংরক্ষিত মহিলা সদস্য ০৩ জন, উপজেলা পরিষদ, দেবীগঞ্জ

০১। চেয়ারম্যান, চিলাহাটি ইউ,পি, দেবীগঞ্জ
০২। চেয়ারম্যান, শালডাঙ্গা ইউ,পি, দেবীগঞ্জ
০৩। চেয়ারম্যান, দেবীগঞ্জ ইউ,পি, দেবীগঞ্জ
০৪। চেয়ারম্যান, পামুলী ইউ,পি, দেবীগঞ্জ
০৫। চেয়ারম্যান, সুন্দর দিঘী ইউ,পি, দেবীগঞ্জ
০৬। চেয়ারম্যান, সোনাহার ইউ,পি, দেবীগঞ্জ/
০৭। চেয়ারম্যান, টেপ্রীগঞ্জ, ইউ,পি,দেবীগঞ্জ
০৮। চেয়ারম্যান, দন্ডপাল ইউ,পি, দেবীগঞ্জ
০৯। চেয়ারম্যান, দেবীডুবা ইউ,পি, দেবীগঞ্জ
১০। চেয়ারম্যান, চেংঠী হাজরা ডাঙ্গা ইউ,পি, দেবীগঞ্জ

০১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, দেবীগঞ্জ
০২। উপজেলা কৃষি কর্মকর্তা, দেবীগঞ্জ
০৩। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দেবীগঞ্জ
০৪। উপজেলা প্রকৌশলী, দেবীগঞ্জ, পঞ্চগড়
০৫। অফিসার ইনচার্জ, দেবীগঞ্জ থানা, দেবীগঞ্জ
০৬। উপজেলা শিক্ষা কর্মকর্তা, দেবীগঞ্জ
০৭। উপজেলা নির্বাচন কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড়।
০৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দেবীগঞ্জ
০৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দেবীগঞ্জ
১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দেবীগঞ্জ
১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দেবীগঞ্জ
১২। উপজেলা মৎস্য কর্মকর্তা, দেবীগঞ্জ
১৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দেবীগঞ্জ
১৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দেবীগঞ্জ
১৫। উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য), দেবীগঞ্জ, পঞ্চগড়
১৬। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দেবীগঞ্জ
১৭। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, দেবীগঞ্জ
১৮। উপজেলা সমবায় কর্মকর্তা, দেবীগঞ্জ
১৯। সহঃ প্রকৌশলী, বিএমডিএ, দেবীগঞ্জ
২০। রেঞ্জ কর্মকর্তা, দেবীগঞ্জ
২১। উপজেলা প্রকল্প কর্মকর্তা (বি,আর,ডি,বি) দেবীগঞ্জ
২২। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা,দেবীগঞ্জ
২৩। সমন্বয়কারী, একটি বাড়ী,একটি খামার, দেবীগঞ্জ
২৪। উপজেলা কমান্ডার,মুক্তিযোদ্ধা সংসদ, দেবীগঞ্জ
২৫। ইনচার্জ, পল্লী বিদ্যুৎ সমিতি, দেবীগঞ্জ

**অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ঃ**

০১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দেবীগঞ্জ
০২। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, দেবীগঞ্জ
০৩। উপজেলা একাডেমীক সুপারভাইজার, দেবীগঞ্জ
০৪। উপ-সহঃ পাট উন্নয়ন কর্মকর্তা, দেবীগঞ্জ
০৫। ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার, দেবীগঞ্জ